

Times Today BD

কাওসার আহমেদ | ক্যাম্পাস | 24 April, 2025

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষার জন্য সকল প্রস্তুতি সম্পন্ন করেছে। আগামী ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষায় নোবিপ্রবি কেন্দ্র হিসেবে অংশ নেবে প্রায় ১৭ হাজার পরীক্ষার্থী।

বুধবার (২৩ এপ্রিল) বিকেল সাড়ে পাঁচটায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সম্মেলন কক্ষে সাংবাদিকদের সঙ্গে এক মতবিনিময় সভায় এসব তথ্য জানান উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

সভায় উপাচার্য বলেন, ‘ভর্তি পরীক্ষার্থীদের যেন কোনো ভোগান্তি না হয়, তা নিশ্চিত করতে পরিবহন, নিরাপত্তা, স্বাস্থ্যসেবা ও আবাসনসহ সব দিকেই বিশ্ববিদ্যালয় প্রস্তুত। তিনি জানান, পরীক্ষার্থীদের যাতায়াতে সহায়তা করতে নোবিপ্রবি পরিবহনপুলের বাস বরাদ্দ থাকবে। চৌমুহনী ও সোনাপুর মোড়ে যানজট এড়াতে জেলা প্রশাসন ও পুলিশকে ব্যবস্থা নিতে অনুরোধ করা হয়েছে।

ভাড়াবৃদ্ধি রোধে হোটেল ও যানবাহন কর্তৃপক্ষকে নজরদারির আওতায় আনা হচ্ছে। পরীক্ষা চলাকালে স্থানীয় ভর্তি কোচিং সেন্টারগুলো বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বিদ্যুৎ বিভ্রাট এড়াতে পল্লীবিদ্যুৎ বিভাগকে আগাম প্রস্তুতি নিতে বলা হয়েছে। অভিভাবকদের জন্য অডিটোরিয়াম ও প্যাভেলের ব্যবস্থা করা হয়েছে বলেও জানান উপাচার্য।

মতবিনিময় সভায় উপাচার্য সম্প্রতি তাঁর তুরস্ক সফরের অভিজ্ঞতাও তুলে ধরেন। তিনি বলেন, ‘তুরস্কের তিনটি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সমঝোতা স্মারক (□□□) স্বাক্ষর করা হয়েছে। বিশ্ববিদ্যালয়গুলো হলো—আলানিয়া আলাদিন কেকুবাত, আঙ্কারা ইয়েলদেইম বায়েজিদ এবং নিদে ওমর হলিসদেমির বিশ্ববিদ্যালয়। এসব চুক্তির আওতায় শিক্ষার্থী ও শিক্ষক বিনিময়, যৌথ গবেষণা, ভাষা কোর্স, এবং উচ্চশিক্ষায় সহযোগিতার পথ উন্মুক্ত হবে।

তিনি আরও জানান, অস্তিম তেখনিখ বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আলোচনা অনুযায়ী নোবিপ্রবি শিক্ষার্থীদের জন্য এক-তৃতীয়াংশ টিউশন ফি মওকুফের বিষয়েও অগ্রগতি হয়েছে এবং শিগগিরই এ বিষয়ে □□□ স্বাক্ষর হবে।

ভর্তি পরীক্ষার দিন নিরাপত্তা নিশ্চিত করতে সাধারণ মানুষের বিশ্ববিদ্যালয় চত্বরে প্রবেশ সীমিত থাকবে। নোবিপ্রবি মেডিকেল সেন্টারে ডাক্তার, অ্যাম্বুলেন্স এবং ভিজিট্যান্স টিম প্রস্তুত থাকবে। পাশাপাশি নিরাপত্তা নিশ্চিতে পুলিশ, বিএনসিসি, রোভার স্কাউট ও শিক্ষার্থীদের একটি সহায়ক টিম কাজ করবে।

সভা শেষে সাংবাদিকদের সহযোগিতা কামনা করে উপাচার্য বলেন, ‘আপনাদের পরামর্শ ও সহযোগিতায় আমাদের বিশ্ববিদ্যালয় আরও এগিয়ে যাবে।

সভায় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ,

পরীক্ষা কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, প্রচার ও প্রকাশনা কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. গাজী মো. মহসিন, প্রক্টর এ এফ এম আরিফুর রহমান, আপ্যায়ন কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মো. আবদুল কাইয়ুম মাসুদসহ বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তাবৃন্দ এবং গণমাধ্যমকর্মী।

নোয়াখালী শিক্ষাবর্ষ উপাচার্য

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:23

URL: <https://www.timestodaybd.com/campus/7758071357>